গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
আইসিটি সেল
www.mofl.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৫২.২০.০০১.২২.২৯ তারিখ: ১৬ মাঘ ১৪২৯
৩০ জানুয়ারি ২০২৩

বিষয়: **মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে, **মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন নিম্নরুপে সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।**

**<u>আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন</u>**

১। বিগত ২৪ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ তারিখে সকাল ১০.০০ ঘটিকায় অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় মহোদয়ের সভাপতিত্বে আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন ও পর্যালোচনা নিম্নরুপে করা হয়ঃ

২) প্রথমে মৎস্য অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন সকলের সামনে উপস্থাপন করেন। এরপর প্রমাণক অনুযায়ী মৎস্য অধিদপ্তরের অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পুঙ্খানুপুঙ্খভাবে মন্ত্রণালয়ের চিফ ইনোভেশন অফিসার এবং ইনোভেশন টিম কর্তৃক পর্যালোচনা করা হয়। পর্যালোচনাপূর্বক মৎস্য অধিদপ্তর কর্তৃক প্রেরিত প্রমাণকটি কিছুটা অসম্পূর্ণ বলে প্রতিয়মান হয়। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় মন্ত্রণালয়ের প্রমাণক অনুসরণ করে প্রমাণক তৈরি করার জন্য মৎস্য অধিদপ্তরের ইনোভেশন টিমের সদস্যদের জানান হয়। প্রমাণকে সন্নিবেশিত তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত প্রতিবেদনটি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিত ফরম্যাট অনুসরণ করে করা হয়নি বলে প্রতিয়মান হয়। সভাপতি মহোদয় এসময় মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ফরম্যাট অনুসারে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়ন সংক্রান্ত বার্ষিক প্রতিবেদনে প্রমাণকসমূহ যথাযথভাবে সন্নিবেশিত করার নির্দেশ প্রদান করেন। তিনি প্রতিবেদন তৈরি করার বিষয়ে কোনো সমস্যার সম্মুখীন হলে মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট এর সাথে আলোচনা করে তা সমাধান করার পরামর্শ দেন।

৩) এরপর প্রাণিসম্পদ অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন সকলের সামনে উপস্থাপন করা হয়। প্রাণিসম্পদ অধিদপ্তরের অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদনটিও মন্ত্রণালয়ের চিফ ইনোভেশন অফিসার এবং ইনোভেশন টিম কর্তৃক পর্যালোচনা করা হয়। প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রমাণকটিও যথাযথভাবে করা হয়নি। প্রমাণকসমূহ পর্যালোচনা করে সভাপতি মহোদয় প্রাণিসম্পদ অধিদপ্তরের ই-নথি কার্যক্রমের হার বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অধিদপ্তরের ইনোভেশন টিমের প্রতিনিধিদের নির্দেশ প্রদান করেন।

৪) পরবর্তীতে বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন সকলের সামনে উপস্থাপন করা হয়। মন্ত্রণালয়ের ইনোভেশন টিম কর্তৃক বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের প্রমাণকটি পর্যালোচনা করা হয় এবং তাদের প্রেরিত প্রমাণকটি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক তৈরি করা

হওয়ায় সভাপতি মহোদয় বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের ইনোভেশন টিমকে ধন্যবাদ প্রদান করেন এবং তাদের এ কার্যক্রম অব্যাহত রাখার প্রতি আহবান জানান।

৫) এরপর বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্সটিটিউট-এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন সকলের সামনে উপস্থাপন করা হয়। গবেষণা প্রতিষ্ঠানটির প্রেরেরিত প্রমাণক মন্ত্রণালয়ের ইনোভেশন টিম কর্তৃক পর্যালোচনা করা হয় এবং তাদের প্রমাণক প্রতিবেদনটিও যথাযথভাবে প্রস্তুত করা হয়নি বলে উল্লেখ করা হয়। গবেষণা প্রতিষ্ঠানটির ই-নথি কার্যক্রম বৃদ্ধির জন্য পরামর্শ প্রদান করা হয় এবং মন্ত্রণালয়ের প্রমানক অনুসরণ করে প্রমানক তৈরি করার নির্দেশনা প্রদান করা হয়।

৬) পরবর্তীতে বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্সটিটিউট-এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন সকলের সামনে উপস্থাপন করা হয় এবং চিফ ইনোভেশন মহোদয়ের নেতৃত্বে মন্ত্রণালয়ের ইনোভেশন টিম কর্তৃক বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্সটিটিউট-এর প্রমাণক পর্যালোচনা করা হয়। গবেষণা প্রতিষ্ঠানটির ই-নথি কার্যক্রম ৮৫% এ উন্নীত করার নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া গবেষণা প্রতিষ্ঠানটির অর্থ ব্যয় অত্যন্ত কম থাকায় অর্থ ব্যয় বাড়ানোর নির্দেশনা প্রদান করা হয়। এসময় জনাব পুলকেশ মন্ডল, উপসচিব ও ইনোভেশন অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এ নির্ধারিত সময়ের মধ্যে যে কাজগুলো সম্পাদন করার নির্দেশনা দেয়া আছে সে কাজগুলো যথাসময়ে করার জন্য ইনোভেশন টিমের একজন সদস্যকে তা ক্যালেন্ডারে সন্নিবেশিত করে সে অনুযায়ী কার্যসমূহ সম্পাদন করার পরামর্শ দেন।

৭) এরপর মেরিন ফিশারিজ অ্যাকাডেমির ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন সকলের সামনে উপস্থাপন করা হয় এবং চিফ ইনোভেশন মহোদয়ের নেতৃত্বে মন্ত্রণালয়ের ইনোভেশন টিম কর্তৃক পর্যালোচনা করা হয়। মন্ত্রণালয়ের আওতাধীন একমাত্র শিক্ষা প্রতিষ্ঠানটির ই-নথি কার্যক্রম বৃদ্ধির বিষয়ে পরামর্শ প্রদান করা হয় এবং মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক যথাযথভাবে প্রমাণক তৈরি করার নির্দেশনা প্রদান করা হয়।

৮) পরবর্তীতে বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন সকলের সামনে উপস্থাপন করা হয় এবং মন্ত্রণালয়ের ইনোভেশন টিম কর্তৃক পর্যালোচনা করা হয়। অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনাপূর্বক সন্তোষ জ্ঞাপন করা হয় এবং প্রমাণক যথাযথভাবে তৈরি করার পরামর্শ প্রদান করা হয়।

৯) সর্বশেষ মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন করা হয় এবং পর্যালোচনা করা হয়। ই-নথি কার্যক্রম বৃদ্ধিসহ বাকি কার্যক্রমগুলো যথাযথভাবে সম্পাদন করার নির্দেশনা প্রদান করা হয়।

১০) মন্ত্রণালয়ের চিফ ইনোভেশন মহোদয় এবং ইনোভেশন টিম কর্তৃক আওতাধীন দপ্তর/সংস্থার ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন, তাদের সম্পাদিত কার্যক্রম এবং প্রমাণকসমূহ পর্যালোচনা করে দপ্তর/সংস্থাকে নিম্নোক্তভাবে মূল্যায়ন / অর্জন নিরূপন করা হয়ঃ

| ক্রম. | মন্ত্রণালয় / দপ্তর / সংস্থা | প্রাপ্ত স্কোর |
|---|---|---|
| ১. | মৎস্য অধিদপ্তর | ১৮.২৫ |
| ২. | প্রাণিসম্পদ অধিদপ্তর | ১৭.০০ |
| ৩. | বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | ২১.০০ |

| | | |
|---|---|---|
| ৪. | বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্সটিটিউট | ১৫.৫০ |
| ৫. | বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্সটিটিউট | ১২.৬৮ |
| ৬. | মেরিন ফিশারিজ একাডেমী | ১৪.২২ |
| ৭. | বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল | ১৭.৫০ |
| ৮. | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | ১৭.৩০ |

১১) অতঃপর সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত সভা সমাপ্ত ঘোষণা করেন।

৩০-১-২০২৩
মোঃ ইলিয়াস হোসেন
সিস্টেম এনালিস্ট
ফোন: ৫৫১০০৪৩৯
ফ্যাক্স: 9512220
ইমেইল: sa@mofl.gov.bd

সচিব, সমন্বয় ও সংস্কার
সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ

**দৃষ্টি আকর্ষণঃ** উপসচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা , মন্ত্রিপরিষদ বিভাগ

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৫২.২০.০০১.২২.২৯/১(৩)

তারিখ: ১৬ মাঘ ১৪২৯
৩০ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
৩) অফিস কপি

৩০-১-২০২৩
মোঃ ইলিয়াস হোসেন
সিস্টেম এনালিস্ট